

শৈনিক জনসংগঠন

তারিখ
পৃষ্ঠা ১০ ... কলার ... ১০

৩১. ২৭. ২০০২

**নতুন ২০০১টি শিক্ষা প্রতিষ্ঠানের
শিক্ষক-কর্মচারীদের বেতন
তোলার সময়সীমা বর্ধিত**

নতুন ২০০১টি বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ ও মহাদাস) শিক্ষক-কর্মচারীদের মে-২০০২ মাসের বেতনভাতার সরকারী অংশের টাকা উত্তোলনের সময়সীমা গত ২০ জুলাই উত্তীর্ণ হয়েছে। অনিবার্য কারণে যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারী নির্ধারিত সময়ের মধ্যে বেতনভাতার সরকারী অংশের টাকা উত্তোলন করতে পারেননি তাঁদের জন্য আগামী ১৫ আগস্ট পর্যন্ত উত্তোলনেও সময়সীমা বর্ধিত করা হয়েছে।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের ২৪ জুলাই ০০৩৬/৪ (২৫) বিশেষ স্মারক অনুযায়ী সংশ্লিষ্ট শাখা ব্যাংক হতে অনুমোদিত টাকা উত্তোলন করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে অনুরোধ করা হয়েছে।

যে সকল শিক্ষা প্রতিষ্ঠান বা শিক্ষক-কর্মচারী চলতি অর্ধবছরের (২০০১-২০০২) বকেয়া টাকা নির্ধারিত সময়ের মধ্যে উত্তোলন করতে পারেননি, তাঁরাও ব্যক্তিগত ব্যাংক গ্রাফাউন্টের মাধ্যমে উক্ত সময়ের টাকা এ সাথে উত্তোলন করতে পারবেন। -তথ্য বিবরণী।